টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি

# HPV (হিউম্যান প্যাপিলোমাভাইরাস) টিকা: *আপনাকে যা জানতে হবে*

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

অনেক টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় উপলভ্য রয়েছে। www.immunize.org/vis-এ দেখুন

## 1. কেন টিকা নিতে হবে?

**HPV (Human Papillomavirus, হিউম্যান প্যাপিলোমাভাইরাস) টিকা** কিছু ধরণের হিউম্যান প্যাপিলোমাভাইরাস সংক্রমণ প্রতিরোধ করতে পারে।

HPV সংক্রমণ নির্দিষ্ট কিছু ধরনের ক্যান্সার সৃষ্টি করতে পারে, যার মধ্যে রয়েছে:

- মহিলাদের মধ্যে সার্ভিকাল, যোনি-সংক্রান্ত, এবং ভালভার ক্যান্সার
- পুরুষদের মধ্যে পেনাইল ক্যান্সার
- পুরুষ এবং মহিলাদের উভয় ক্ষেত্রেই পায়ুপথের ক্যান্সার
- পুরুষ এবং মহিলাদের উভয়ের মধ্যে টনসিল, জিহ্বার গোড়া এবং গলার পিছনের ক্যান্সার (অরোফ্যারিঞ্জিয়াল ক্যান্সার)

HPV সংক্রমণের কারণে অ্যানোজেনিটাল ওয়ার্টও হতে পারে।

HPV টিকা HPV দ্বারা সৃষ্ট 90% এর বেশি ক্যান্সার প্রতিরোধ করতে পারে।

HPV ঘনিষ্ঠ ত্বক-থেকে-ত্বক বা যৌন যোগাযোগের মাধ্যমে ছড়িয়ে পড়ে। HPV সংক্রমণ এতটাই সাধারণ যে প্রায় সব মানুষেরই তাদের জীবনের কোনো না কোনো সময় অন্তত এক ধরনের HPV হয়ে থাকে। বেশিরভাগ HPV সংক্রমণ 2 বছরের মধ্যে নিজে থেকেই চলে যায়। কিন্তু কখনও কখনও HPV সংক্রমণ দীর্ঘস্থায়ী হয় এবং পরবর্তী জীবনে ক্যান্সার সৃষ্টি করতে পারে।

## 2. HPV টিকা

11 বা 12 বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য HPV টিকা নিয়মিতভাবে সুপারিশ করা হয় যাতে তারা ভাইরাসের সংস্পর্শে আসার আগেই সুরক্ষিত থাকে। HPV টিকা 9 বছর বয়সে শুরুর দিকে দেওয়া যেতে পারে এবং 26 বছর বয়স পর্যন্ত প্রত্যেকের জন্য টিকাকরণের পরামর্শ দেওয়া হয়।

রোগী এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীর মধ্যে আলোচনার ভিত্তিতে, 27 থেকে 45 বছর বয়সী প্রাপ্তবয়স্কদের HPV টিকা দেওয়া যেতে পারে।

বেশিরভাগ শিশু যারা 15 বছর বয়সের আগে প্রথম ডোজ পেয়ে থাকে তাদের HPV টিকার 2টি ডোজ প্রয়োজন। যারা 15 বছর বয়সে বা তার পরে প্রথম ডোজ পান এবং নির্দিষ্ট কিছু রোগ প্রতিরোধ-সম্বন্ধীয় বিপদগ্রস্ত অবস্থার থাকা অল্প বয়স্ক ব্যক্তিদের 3টি ডোজ প্রয়োজন। আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

HPV টিকা অন্যান্য টিকার মতো একই সময়ে দেওয়া যেতে পারে।

## 3. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন

আপনার টিকাকরণ প্রদানকারীকে বলুন যদি টিকা গ্রহণকারী ব্যক্তি/ব্যক্তির:

- **HPV টিকার পূর্ববর্তী ডোজের পরে কোনো অ্যালার্জির প্রতিক্রিয়া** হয়ে থাকে, বা তার কোনো **গুরুতর, প্রাণ-সংশয়কারী অ্যালার্জি থাকে**
- **গর্ভবতী হন**—HPV টিকা গর্ভাবস্থার পরবর্তী সময় না হওয়া পর্যন্ত সুপারিশ করা হয় না

কিছু ক্ষেত্রে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি ভবিষ্যত সাক্ষাৎ পর্যন্ত HPV টিকাকরণ স্থগিত করার সিদ্ধান্ত নিতে পারেন।

সর্দি-কাশির মতো ছোটখাটো অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের টিকা দেওয়া যেতে পারে। মাঝারি বা গুরুতর অসুস্থ ব্যক্তিদের সাধারণত HPV টিকা নেওয়ার আগে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত।

আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

## 4. কোনো টিকাজনিত প্রতিক্রিয়ার ঝুঁকি

- HPV টিকাকরণের পরে যেখানে শট দেওয়া হয়েছে সেখানে ব্যথা, লালভাব বা ফোলাভাব ঘটতে পারে।
- HPV টিকাকরণের পরে জ্বর বা মাথাব্যথা হতে পারে।

লোকেরা কখনও কখনও টিকাকরণ সহ চিকিৎসা-সম্বন্ধীয় পদ্ধতিসমূহের পরে অজ্ঞান হয়ে যায়। আপনি যদি মাথা ঘোরা অনুভব করেন বা দৃষ্টিশক্তির পরিবর্তন হয় বা কানের মধ্যে শব্দ হতে থাকে তাহলে আপনার প্রদানকারীকে তা জানান।

যেকোন ওষুধের মতোই, কোনো টিকার মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া, অন্যান্য গুরুতর আঘাত বা মৃত্যুর কারণ হওয়ার খুব প্রত্যন্ত সম্ভাবনা রয়েছে।

## 5. যদি কোনো গুরুতর সমস্যা হয় তাহলে কী হবে?

টিকা প্রাপ্ত ব্যক্তি ক্লিনিক ছেড়ে চলে যাওয়ার পরে একটি অ্যালার্জির প্রতিক্রিয়া ঘটতে পারে। আপনি যদি কোনো গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়ার লক্ষণ দেখেন (আমাবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাস নিতে অসুবিধা, দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা বা দুর্বলতা), তাহলে **9-1-1** নম্বরে কল করুন এবং ব্যক্তিটিকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান।

আপনার উদ্বেগের অন্যান্য লক্ষণগুলির জন্য, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

প্রতিকূল প্রতিক্রিয়াগুলি টিকার প্রতিকূল ঘটনার রিপোর্টিং সিস্টেম (Vaccine Adverse Event Reporting System, VAERS) এর কাছে রিপোর্ট করা উচিত। সাধারণত আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী এই রিপোর্টটি দায়ের করবেন, অথবা আপনি নিজেই এটি করতে পারেন। **www.vaers.hhs.gov**-এ VAERS ওয়েবসাইটে যান বা **1-800-822-7967** নম্বরে কল করুন। *VAERS শুধুমাত্র প্রতিক্রিয়া রিপোর্ট করার জন্য, এবং VAERS কর্মী সদস্যরা চিকিৎসা-সম্বন্ধীয় পরামর্শ দেন না।*

## 6. জাতীয় টিকাজনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচী

জাতীয় টিকাজনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচী (National Vaccine Injury Compensation Program, VICP) হল একটি ফেডারেল প্রোগ্রাম যা নির্দিষ্ট টিকার দ্বারা আহত হতে পারে এমন লোকেদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য তৈরি করা হয়েছিল। টিকাকরণের কারণে তথাকথিত আঘাত বা মৃত্যু সংক্রান্ত দাবিগুলি দায়ের করার জন্য একটি সময়সীমা রয়েছে, যা দুই বছরের মতো কম সময়ের হতে পারে। কর্মসূচীটি সম্পর্কে এবং দাবি দায়ের করার বিষয়ে জানতে **www.hrsa.gov/vaccinecompensation**-এ VICP ওয়েবসাইটে যান অথবা **1-800-338-2382** নম্বরে কল করুন।

## 7. আমি কিভাবে আরও জানতে পারি?

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেটের স্বাস্থ্য বিভাগে কল করুন।
- টিকার প্যাকেজ সন্নিবেশসমূহ এবং অতিরিক্ত তথ্যের জন্য খাদ্য এবং ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) এর ওয়েবসাইট **www.fda.gov/vaccines-blood-biologics/vaccines**-এ যান।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের সাথে যোগাযোগ করুন (Centers for Disease Control and Prevention, CDC):
  - কল করুন **1-800-232-4636 (1-800-CDC-INFO)** অথবা
  - CDC-এর ওয়েবসাইট **www.cdc.gov/vaccines**-এ যান।

Bengali translation provided by Immunize.org